




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
সংস্থাপন শাখা
www.bjri.gov.bd



স্মারক নং-১২.২৩.০০০০.০০৪.০৬.০১১.২১.২২০১ (৯)

তারিখ- ২৮/১২/২০২১


নিয়োগপত্র

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) পদোন্নতি/নিয়োগ কমিটি-২ এর গত ২৬, ২৭ ও ২৮ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক নিম্নলিখিত প্রার্থীগণের নামের পাশে বর্ণিত পদ (নবসৃষ্ট অস্থায়ী), কর্মস্থল ও বেতনস্কেলে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো। তাদের এ নিয়োগের বিষয়ে বিজেআরআই এর পদোন্নতি/নিয়োগ কমিটি-২ সভার উক্ত সুপারিশ বিজেআরআই এর পরবর্তী বোর্ড সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এ ক্ষেত্রে বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

নং	প্রার্থীর ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	পদ ও কর্মস্থল	বেতন স্কেল, ২০১৫
১	জনাব মোঃ নুরুন্নবী ইসলাম পিতা-মোঃ রমজান আলী	গ্রাম-পচার হাট, ডাকঘর-শালহাটি উপজেলা-ডিমলা, জেলা-নীলফামারী।	গুদাম রক্ষক, পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র নশিপুর, দিনাজপুর।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)
২	জনাব মোঃ রিপন সেখ পিতা-মোঃ ওসমান গনি	গ্রাম-জারিলা, ডাকঘর-পোড়াবাড়ি উপজেলা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ।	গুদাম রক্ষক পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)

শর্তসমূহঃ

- তারা নিয়মিত বেতন ছাড়া ইনস্টিটিউট কর্তৃক কর্মচারীদের দেয় সুবিধাদি ভোগ করতে পারবেন।
 - অত্র ইনস্টিটিউটের অধীন কর্মরত অবস্থায় তাদেরকে ইনস্টিটিউটের চাকরির যাবতীয় শর্তাবলী, বেতন, ভবিষ্য তহবিল ও ছুটি ইত্যাদি বিষয়ক বিধি-বিধান মেনে চলতে হবে।
 - ইনস্টিটিউট কোন কারণ দর্শানো ব্যতিরেকে ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা তৎপরিবর্তে ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে চাকরির অবসান করতে পারবে।
 - তিনি/তারা নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ৩ (তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
 - অস্থায়ী চাকরির সময়ে তিনি/তারা ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
 - অত্র ইনস্টিটিউটের অধীনে বাংলাদেশের যে কোন জায়গায় প্রয়োজনবোধে চাকরির আবশ্যিকতা অনুযায়ী তাদেরকে বদলি করা যাবে।
 - তাদেরকে ৬ (ছয়) মাস শিক্ষানবিস থাকতে হবে। শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান হলে নিয়োগপ্রাপ্ত পদে চাকরি স্থায়ী করা হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে স্থায়ীকরণ নির্ভর করবে। শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার/তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/তাদের চাকরির অবসান করতে পারবেন।
 - চাকরিতে যোগদানের সময় পূর্বতন অফিসের (যদি চাকরিরত হন) চাকরির ছাড়পত্র আনতে হবে।
 - নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে তাকে/তাদেরকে আগামী ০৯-০১-২০২২ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিজেআরআই বরাবর কাজে যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. এস, এম, মাহবুব আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৫৮১৫১২৪১
ইমেইল-bjriinfo@yahoo.com

ক্রমিক নং-১-২ পর্যন্ত।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- পরিচালক, পিটিসি/জুট টেক্সটাইল/কারিগরি/কৃষি, বিজেআরআই।
- পিএসও, খামার ব্যবস্থাপনা শাখা/পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর।
- সিস্টেম এনালিস্ট, বিজেআরআই। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- উপ-পরিচালক, প্রশাসন/অর্থ ও হিসাব, বিজেআরআই।
- এসএসও, পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর।
- সকল শাখা প্রধান, মহাপরিদপ্তর, বিজেআরআই।
- পিএস টু ডিজি, বিজেআরআই।
- ব্যক্তিগত নথি।